

আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
ঈশ্বরদী, পাবনা
www.fisheries.ishurdi.pabna.gov.bd

স্মারক নং - ৩৩.০২.৭৬৩৯.৫০১.৩৭.০০২.২৫.২৯

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

বিষয়: জাতীয় মৎস্য পদক ২০২৬ এর মনোনয়ন আহবান প্রসঙ্গে।

সূত্র: মৎস্য অধিদপ্তরের স্মারক নং: ৩৩.০২.০০০০.১২০.০২.০৪২.২৫.৪৭, তারিখ: ১৭/০২/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০২৬ অনুসরণপূর্বক মৎস্য খাতে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছরের ন্যায় এবছরও জাতীয় মৎস্য পদক প্রদান করা হবে। এক্ষেত্রে প্রার্থী মনোনয়ন প্রদানের জন্য পঞ্জিকাবার্ষ ২০২৫ খ্রিষ্টাব্দ (জানুয়ারি-ডিসেম্বর) ভিত্তি বছর হিসেবে বিবেচ্য হবে।

১। উল্লেখ্য, প্রতিক্ষেত্রে যাচাইকৃত আবেদনসমূহ হতে জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০২৬ এ উল্লিখিত স্কোরিং পদ্ধতিতে শ্রেষ্ঠ ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন উপজেলা কমিটির সুপারিশসহ জেলা কমিটিতে প্রেরণ করা হবে। জেলা কমিটি উপজেলা কমিটি হতে প্রতিক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ হতে স্কোরিং পদ্ধতিতে শ্রেষ্ঠ ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন সুপারিশসহ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণ নিশ্চিত করা হবে। জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০২৬ এর বিধি-১০ এর (চ) এবং (ছ) এর ক্ষেত্রে মনোনয়ন প্রস্তাব সরাসরি বা প্রযোজ্য ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সুপারিশসহ মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণ করা হবে।

২। এমতাবস্থায়, জাতীয় মৎস্য পদক ২০২৬ এর প্রার্থী মনোনয়ন প্রস্তাবের হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ০১/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রেরণের জন্য আগ্রহী প্রার্থীকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন মনোনয়ন প্রস্তাব গ্রহণ করা হবে না।

৩। জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০২৬ অনুসরণপূর্বক মৎস্য খাতে ২২ (বাইশ) টি ক্যাটাগরিতে মোট ২২ (বাইশ) টি স্বর্ণপদক প্রদান করা হবে।



(শাম্মী শিরীন)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঈশ্বরদী, পাবনা।

স্মারক নং - ৩৩.০২.৭৬৩৯.৫০১.৩৭.০০২.২৫.২৯/১(০৪)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

তারিখ: ০৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

১. প্রশাসক, উপজেলা পরিষদ, ঈশ্বরদী, পাবনা
২. উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা
৩. উপজেলা..... অফিসার, ঈশ্বরদী, পাবনা
৪. দপ্তর নথি।



সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ঈশ্বরদী, পাবনা